

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬০৫

খোয়াই, ১ ফেব্রুয়ারি, ২০২৫

পশ্চিম চাম্পাছড়া ভিলেজে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি তুলাশিখর ব্লকের পশ্চিম চাম্পাছড়া ভিলেজ কার্যালয় প্রাঙ্গণে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এলাকার ৪৭ জনের আধার কার্ড আপডেট করা হয়। ১৪ জনের কাছ থেকে আয়ুস্মান হেলথ কার্ড পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। ১২ জনের কাছ থেকে এসসি সার্টিফিকেট, ১২ জনের কাছ থেকে পিআরটিসি সার্টিফিকেট এবং ৪ জনের কাছ থেকে ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়াও ২ জন সুবিধাভোগীকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয় এবং ৮৭ জনকে আরওআর প্রদান করা হয়। স্বাস্থ্য শিবিরে এলাকার ৩৮ জন রোগীকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। এছাড়া ১৫টি প্রাণীপালক পরিবারের ৯১টি গবাদি প্রাণীর জন্য ঔষধ দেওয়া হয়। শিবিরে তুলাশিখর ব্লকের অতিরিক্ত বিডিও বিশ্ব দেববর্মা সহ অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
